প্রখর তপনতাপে   আকাশ তৃষায় কাঁপে,
    বায়ু করে হাহাকার ।
দীর্ঘপথের শেষে   ডাকি মন্দিরে এসে,
    'খোলো খোলো খোলো দ্বার ॥'
বাহির হয়েছি কবে   কার আহ্বানরবে,
এখনি মলিন হবে   প্রভাতের ফুলহার ॥
বুকে বাজে আশাহীনা   ক্ষীণমর্মর বীণা,
জানি না কে আছে কিনা,   সাড়া তো না পাই তার ।
আজি সারা দিন ধ'রে   প্রাণে সুর ওঠে ভরে,
একেলা কেমন ক'রে   বহিব গানের ভার ॥

---

Parjaay: Prakriti / Grisma, Taal: Dadra, Raag: Multaan-Bhimpalasi
Visit www.geetabitan.com for notation and other detail